গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সেবা শাখা
www.mole.gov.bd

৪০.০০.০০০০.০৩৮.০৭.০০৬.১৮-৪৫

তারিখঃ ১৭-১০-১৪২৭ / ৩১-০১-২০২১

# দরপত্র বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য কম্পিউটার/ইলেকট্রনিক্স সামগ্রী সরবরাহের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২। দরপত্রে বর্ণিত মালামালের বিবরণ সম্বলিত সিডিউল আগামী ০১-০২-২০২১ হতে ০৭-০২-২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর (ভবন নং-০৭, কক্ষ নং-৫১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) হতে সংগ্রহ করা যাবে। দরপত্রে বর্ণিত শর্তসমূহ পূরণ করতঃ আগামী ০৮-০২-২০২১ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তরে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে।

৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ ও হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেনসি-এর ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত দরপত্রসমূহ আগামী ০৮-০২-২০২১ তারিখ দুপুর ১২.৩০ টায় অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৩১/০১/২০২১
(মনোয়ারা বেগম)
সিনিয়র সহকারী সচিব (সেবা)
ফোনঃ ৪৭১১৯৫৪৪

**বিতরণঃ**

১। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে (www.mole.gov.bd)
২। বাংলাদেশ সচিবালয়ের ২ নম্বর গেইট
৩। অফিস কপি

D:\Computer Tender file-001 (E)\Tender-Cerculer-Qutation.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সেবা শাখা
www.mole.gov.bd

# দরপত্রের সিডিউল

| | | |
|---|---|---|
| দরপত্রের নাম | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য ০৪ (চার) সেট কম্পিউটার সরবরাহ। |
| দরপত্রের ক্রমিক | : | নং ৪০.০০.০০০০.০৩৮.০৭.০০৬.১৮-৪৫ তারিখঃ ৩১-০১-২০২১। |
| দরপত্র জমার তারিখ ও সময় | : | ০৮-০২-২০২১, দুপুর ১২.০০ টা |
| দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০৮-০২-২০২১, দুপুর ১২.৩০ টা |

| | | |
|---|---|---|
| দরদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |

৩১/০১/২০২১

ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

মনোয়ারা বেগম
সিনিয়র সহকারী সচিব (সেবা)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

D:\Computer Tender file-001 (E)\Schedule.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সেবা শাখা
www.mole.gov.bd

## দরপত্র তফসীল

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য ০৪ (চার) সেট কম্পিউটার সরবরাহ।

| | |
|---|---|
| প্রতি,<br>মেসার্স------------------------------------------<br>------------------------------------------<br>------------------------------------------<br>------------------------------------------ | সরবরাহের সময়সীমাঃ কার্যাদেশে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।<br><br>(সতর্কতার সাথে খুঁটিনাটি পড়ে এবং বুঝে দরপত্র দাখিল করা আবশ্যক) |

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য ০৪ (চার) সেট কম্পিউটার সরবরাহ করার জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ০৮-০২-২০২১ তারিখ দুপুর ১২.০০ টায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (কক্ষ নং-৫১৮, ভবন নং ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এ রক্ষিত দরপত্র বাক্সে জমা নেয়া হবে। একই দিন দুপুর ১২.৩০ টায় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র ওপেনিং কমিটি কর্তৃক দরপত্র বাক্স খোলা হবে। দরপত্রের শর্তাবলী নিম্নরূপঃ

## দরপত্রের শর্তাবলীঃ

১। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই অফিস/শো-রুম থাকতে হবে। কৃতকার্য দরদাতার সাথে চুক্তিপত্র সম্পাদনের পূর্বে প্রয়োজনে প্রতিষ্ঠানের যথার্থতা যাচাইয়ের জন্য অফিস/শো-রুম পরিদর্শন করা হবে;

৩১/০১/২০২১

D:\Computer Tender file-001 (E)\Schedule.doc

২। দরপত্রে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত সকল কাগজপত্রের ফটোকপি দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে;

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(খ) হালনাগাদ আয়কর সনদ;
(গ) হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
(ঘ) ব্যাংক সলভেনসি;

৩। দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সীলমোহর যুক্ত প্রত্যেকটি মালামালের নমুনা/স্পেসিফিকেশন/ব্রুশিয়ার দাখিল করতে হবে;

৪। মালামাল সরবরাহের কার্যাদেশ পাওয়ার পর কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল এবং এ সম্পর্কিত জরিমানা করার অধিকার সংরক্ষণ করবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে মানসম্মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে দরপত্র বাজেয়াপ্ত করণসহ সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে;

৫। সরবরাহকৃত মালামাল দাখিলকৃত নমুনা/স্পেসিফিকেশন্স অনুযায়ী না হলে এবং মালামালের গুণগতমান সঠিক না হলে তা পরিবর্তন করে নমুনা/স্পেসিফিকেশন্স মোতাবেক সরবরাহ করতে ঠিকাদারী প্রতিষ্ঠান বাধ্য থাকবে। অন্যথায় দরপত্র বাতিল করা হবে;

৬। দরপত্রের দর উপরিলিখন/ওভার রাইটিং অথবা কাটাকাটি করা যাবে না;

৭। বর্ণিত কোন আইটেমের একাধিক দর উল্লেখ/দাখিল করতে পারবে না;

৮। দরপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের প্রতি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষর ও সীল থাকতে হবে;

৯। দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত ও সিডিউলে বর্ণিত নির্দেশনা মোতাবেক দরদাতা নমুনা/স্পেসিফিকেশন্স অনুযায়ী মালামাল সরবরাহ করবেন। মালামালের উপর ঠিকাদার/প্রস্তুতকারীর সীল/মনোগ্রাম ও প্রস্তুতের বছর উল্লেখ থাকতে হবে;

১০। সরবরাহকৃত সামগ্রীর প্রদেয় বিল হতে সরকার নির্ধারিত হারে বিধি মোতাবেক ভ্যাটসহ সকল প্রকার প্রযোজ্য কর কর্তনের পর দরদাতার বিল পরিশোধ করা হবে;

১১। কার্যাদেশ মোতাবেক মালামাল সরবরাহের পর মূল্য পরিশোধের জন্য বিল ও চালান ৩ কপি সিনিয়র সহকারী সচিব (সেবা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা এর বরাবরে দাখিল করতে হবে;

১২। চুক্তিপত্র স্বাক্ষরের পর দরপত্র তফসীলে উল্লিখিত মালামালের উপর যদি সরকার কোন কর/ভ্যাট/ফিস ধার্য্য করেন বা উল্লিখিত মালামালের কোন মূল্য পরিবর্তিত হয় তবে তা দরদাতা বহণ করবেন।

১৩। শর্তযুক্ত ও অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। দরপত্রের সাথে সরবরাহকৃত নমুনা/স্পেসিফিকেশন সিডিউলে চাহিত নমুনা/স্পেসিফিকেশনের অনুরূপ না হলে দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১৪। কার্যাদেশ মোতাবেক মালামাল সন্তোষজনকভাবে সরবরাহ করতে ব্যর্থ হলে সরবরাহকারীর দরপত্র বাজেয়াপ্ত করা হবে। এরূপ ক্ষেত্রে পুনঃ দরপত্রের মাধ্যমে দ্রব্যাদি ক্রয় করা হবে এবং এতে যদি পূর্বাপেক্ষা অতিরিক্ত অর্থ খরচ হয় তবে পূর্ব সরবরাহে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় করা হবে। উক্ত অতিরিক্ত অর্থ ঠিকাদার অথবা অন্য কোন চুক্তির অধীনে পরিশোধযোগ্য বিল হতে কর্তন করা হবে অথবা P.D.R Act-1913 এর বিধান মতে ঠিকাদারের নিকট হতে আদায়ের ব্যবস্থা করা হবে;

১৫। বাজেট বরাদ্দ সাপেক্ষে এবং মন্ত্রণালয়ের প্রয়োজন অনুযায়ী কর্তৃপক্ষ যে কোন কম্পিউটার/ইলেকট্রনিক্স মালামাল ক্রয়ের এর পরিমাণ (কম/বেশি) নির্ধারণ পূর্বক কার্যাদেশ প্রদান করবেন;

১৬। দরপত্রের শর্তসমূহের কোন ব্যাখ্যা নিয়ে দ্বিমত দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭। নির্দিষ্ট সময়ের পরে অর্থাৎ বিলম্বে দাখিলকৃত দরপত্র গ্রহণ করা হবে না;

১৮। উপর্যুক্ত শর্তাবলীর সব কয়টি যথাযথভাবে পূরণ করা না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে;

১৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র সম্পূর্ণ কিংবা আংশিক গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। এই সিডিউল শুধুমাত্র এই দরপত্রের জন্য প্রযোজ্য হবে।

০১/০৭/২০২১

মনোয়ারা বেগম
সিনিয়র সহকারী সচিব (সেবা)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।